যুগান্তর

তারিখ ..09. APR..2015......
পৃষ্ঠা ১৮ কলাম ৭

# ঢাবির যৌন কেলেংকারিতে অভিযুক্ত শিক্ষকের স্থায়ী বহিষ্কার দাবি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

নৈতিক স্খলনের অভিযোগে বাধ্যতামূলক ছুটিতে থাকা ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগের শিক্ষক অধ্যাপক এটিএম ফখরুদ্দীনকে স্থায়ীভাবে চাকরিচ্যুত করার দাবি জানিয়েছেন বিভাগটির বেশ কয়েকজন শিক্ষক ও শিক্ষার্থী। বুধবার সকালে কলা ভবনের চতুর্থ তলায় বিভাগটির সেমিনার কক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি জানান তারা। এ সময় উপস্থিত ছিলেন বিভাগের অধ্যাপক মো. ইউসুফ, অধ্যাপক জহিরুল ইসলাম, সহযোগী অধ্যাপক বেলাল হোসাইন, অধ্যাপক নাসির উদ্দিন, সহযোগী অধ্যাপক মারুফ হোসাইন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ নেতা এবং বিভাগটির মাস্টার্সের শিক্ষার্থী মো. মাসুমুল আলম প্রমুখ। সংবাদ সম্মেলনে ওই শিক্ষকের বিরুদ্ধে অর্থ আত্মসাতের অভিযোগ এনে অধ্যাপক মো. ইউসুফ বলেন, অধ্যাপক ফখরুদ্দীন বিভাগের একাধিক শিক্ষার্থীর কাছ থেকে বিদেশ নিয়ে যাওয়ার নাম করে তিন থেকে চার লাখ করে টাকা নিয়ে তা আর ফেরত দেননি। বিভিন্ন সময়ে যৌন কেলেংকারির মাধ্যমে সুনাম ক্ষুণ্ন করেছেন। সর্বশেষ নিয়ম অনুযায়ী আমি যখন বিভাগের চেয়ারম্যান হব, তখন হাইকোর্টে রিট পিটিশনের মাধ্যমে সেটি নিয়েও ঝামেলা পাকিয়েছেন। এ বিষয়ে অভিযুক্ত শিক্ষক অধ্যাপক এটিএম ফখরুদ্দীনের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বিষয়টি বিচারাধীন উল্লেখ করে এ বিষয়ে কোনো মন্তব্য করতে অপারগতা প্রকাশ করেন। এদিকে মঙ্গলবার অর্থ আত্মসাতের অভিযোগ এনে বিভাগের সামনে বিক্ষোভ করেন বিভাগের শিক্ষার্থীরা। এরই পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক এম আমজাদ আলী উপস্থিত থেকে ওই শিক্ষকের রুম (৪০২২) সিলগালা করে দেন। প্রসঙ্গত, ২০১২ সালের ১৫ অক্টোবর বিভাগের এক ছাত্রীর সঙ্গে অনৈতিক কর্মকাণ্ডের অভিযোগে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট ওই শিক্ষককে বাধ্যতামূলক ছুটিতে পাঠায় এবং ঘটনা তদন্তে একটি কমিটিও গঠন করে। এরপর প্রায় দুই বছর অতিবাহিত হলেও সেই তদন্ত প্রতিবেদন প্রকাশ করা হয়নি।